# বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

৮/সি, শেরে বাংলা নগর, আগারগাঁও, ঢাকা-১২০৭।
www.bteb.gov.bd

স্মারক নং : ৫৭.১৭.০০০০.২১৬.৩৫.০০৩.১৪-২০.৭৬

তারিখ: ২৯ আশ্বিন ১৪২৭ বঙ্গাব্দ
১৪ অক্টোবর ২০২০ খ্রিষ্টাব্দ

বিষয় : **ব্যানবেইস কর্তৃক পরিচালিত 'শিক্ষা প্রতিষ্ঠান বার্ষিক জরিপ ২০২০' এ তথ্য প্রদান প্রসঙ্গে।**

## বিজ্ঞপ্তি

এতদ্বারা বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের অনুমোদনক্রমে সকল শিক্ষাক্রম পরিচালনাকারি প্রতিষ্ঠানসমুহের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস), ১ জহির রায়হান সড়ক (পলাশী-নীলক্ষেত), ঢাকা-১২১৫ কর্তৃক দেশের সকল প্রাথমিকোত্তর স্তরের শিক্ষা প্রতিষ্ঠান থেকে অনলাইন সফটওয়্যার ব্যবহারের মাধ্যমে প্রয়োজনীয় তথ্য সংগ্রহ কার্যক্রম প্রতিবছর পরিচালনা করে থাকে। এই কার্যক্রমের আওতায় আগামী ১৫-৩০ অক্টোবর ২০২০খ্রি. তারিখের মধ্যে দেশব্যাপী 'শিক্ষা প্রতিষ্ঠান জরিপ ২০২০' পরিচালনার উদ্যোগ ব্যানবেইস কর্তৃক নেয়া হয়েছে। বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের অনুমোদনক্রমে সকল শিক্ষাক্রম পরিচালনাকারি প্রতিষ্ঠানসমুহের তথ্য আগামী ১৫-৩০ অক্টোবর ২০২০খ্রি. তারিখের মধ্যে ব্যানবেইস সার্ভারে আপলোড করার জন্য সার্বিক সহযোগিতা কামনা করে মহাপরিচালক, বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস) কর্তৃক চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড বরাবর পত্র প্রেরণ করে। এমতাবস্থায়, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের অনুমোদনক্রমে সকল শিক্ষাক্রম পরিচালনাকারি প্রতিষ্ঠানসমুহের তথ্য আগামী ১৫-৩০ অক্টোবর ২০২০খ্রি. তারিখের মধ্যে ব্যানবেইস সার্ভারে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।

বিষয়টি জাতীয় ও আন্তর্জাতিক বিভিন্ন সূচকে বাংলাদেশের অবস্থান ও সুনাম সম্পর্কিত বিধায় গুরুত্বপূর্ণ।

সংযুক্তি:

১. ব্যানবেইস প্রদত্ত 'অনলাইনে ফরম পূরণের নির্দেশিকা'।
২. ব্যানবেইস প্রদত্ত 'জরিপ ক্যালেন্ডার ২০২০'।

১৪/১০/২০

ইঞ্জিনিয়ার মো. আবদুল কুদ্দুস সরদার
পরিদর্শক
ও
পরিচালক (কারিকুলাম), অতিরিক্ত দায়িত্ব
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা-১২০৭।

স্মারক নং : ৫৭.১৭.০০০০.২১৬.৩৫.০০৩.১৪-২০.৭৬

তারিখ: ২৯ আশ্বিন ১৪২৭ বঙ্গাব্দ
১৪ অক্টোবর ২০২০ খ্রিষ্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জেষ্ঠ্যতার ভিত্তিতে নহে) :

১. চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
২. মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৩. মহাপরিচালক, বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস), ১ জহির রায়হান সড়ক (পলাশী-নীলক্ষেত), ঢাকা-১২১৫।
৪. সচিব/পরিচালক (কারিকুলাম)/পরিদর্শক/পরীক্ষা নিয়ন্ত্রক/পরিচালক (শিল্প ও প্রশিক্ষণ সমন্বয়), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৫. অধ্যক্ষ/পরিচালক,.............................................................................................।
৬. উপ-পরিচালক (গবেষণা)/উপ-পরিচালক (হিসাব ও নিরীক্ষা), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৭. সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা (বিজ্ঞপ্তিটি বোর্ডের ওয়েবসাইটে সরবরাহকৃত সংযুক্তিসহ প্রকাশের এবং স্ক্রলের মাধ্যমে প্রচারের অনুরোধসহ)।
৮. ইনফরমেশন অফিসার, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৯. চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১০. সংরক্ষণ নথি।

ড. রাজু মুহাম্মদ শহীদুল ইসলাম
উপ-পরিচালক (গবেষণা)
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা-১২০৭।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস)
১ জহির রায়হান সড়ক (পলাশী-নীলক্ষেত), ঢাকা-১২০৫।
Web:www.banbeis.gov.bd, Email: info@banbeis.gov.bd

স্মারক নং ৩৭.২০.০০০০.০০৩.৩৫.০৮৩.২০/১১১৭

তারিখ: ২৩ আশ্বিন ১৪২৭
০৮ অক্টোবর ২০২০

**বিষয়: বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড এর ওয়েবসাইটে শিক্ষা প্রতিষ্ঠান বার্ষিক জরিপ ২০২০ এর বুলেটিন প্রচার সংক্রান্ত।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস) দেশের সকল প্রাথমিকোত্তর স্তরের শিক্ষাতথ্য ও পরিসংখ্যান সংগ্রহ, সংকলন এবং বিতরণের একমাত্র সরকারি সংস্থা। শিক্ষা ক্ষেত্রে সঠিক পরিকল্পনা প্রণয়নের জন্য নির্ভরযোগ্য ও হালনাগাদ তথ্যের প্রয়োজন। শিক্ষা সংশ্লিষ্ট পরিকল্পনা প্রণয়ন ও শিক্ষা ব্যবস্থাপকগণের চাহিদা অনুযায়ী নির্ভুল তথ্য সরবরাহ নিশ্চিত করা, SDG4 বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রস্তুতসহ শিক্ষা ক্ষেত্রে সঠিক, নির্ভরযোগ্য ও হালনাগাদ তথ্যের গুরুত্ব অপরিসীম । এ লক্ষ্যে দেশের সকল প্রাথমিকোত্তর স্তরের শিক্ষা প্রতিষ্ঠান থেকে Online Software ব্যবহারের মাধ্যমে ব্যানবেইস প্রয়োজনীয় তথ্য সংগ্রহ কার্যক্রম প্রতিবছর পরিচালনা করে ডেটাবেইস হালনাগাদ করে থাকে। এ বছর আগামী ১৫-৩০ অক্টোবর ২০২০ তারিখের মধ্যে দেশব্যাপী শিক্ষা প্রতিষ্ঠান বার্ষিক জরিপ ২০২০ পরিচালনা করা হবে। উক্ত সময়ের মধ্যে কারিগরি ও ভোকেশনাল শিক্ষা প্রতিষ্ঠানসহ দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানের তথ্য ব্যানবেইস এর সার্ভারে অন্তর্ভুক্ত না হলে সঠিক সময়ে Bangladesh Education Statistics 2020 ও SDG4 বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রকাশ, UNESCO INSTITUTE for STATISTICS (UIS) সহ অন্যান্য আন্তর্জাতিক সংস্থায় তথ্য প্রদানে বিলম্ব ঘটে, ফলে E-Government Development Index (EGDI) ও অন্যান্য আন্তর্জাতিক সূচকে বাংলাদেশ এর অবস্থান নীচে পড়ে যায় এবং দেশের সুনাম ক্ষুন্ন হয়।

২। বর্ণিতাবস্থায় দেশের সকল সংযুক্ত এবং স্বতন্ত্র কারিগরি ও ভোকেশনাল শিক্ষা প্রতিষ্ঠানের তথ্য আগামী **১৫-৩০ অক্টোবর ২০২০** তারিখের মধ্যে ব্যানবেইস সার্ভারে আপলোড করার জন্য আপনার সার্বিক সহযোগিতা কামনা করছি এবং বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের নিজস্ব ওয়েবসাইটে জরিপের তারিখ ও নির্ধারিত সময়ের মধ্যে তথ্য প্রদানের লক্ষ্যে বিশেষ বুলেটিন প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

**বিষয়টি অতীব জরুরী**

সংযুক্তি: ১। Online ফরম পূরণের নির্দেশিকা
২। জরিপ ক্যালেন্ডার ২০২০

পরিচালকের দপ্তর
বাকাশিবো, ঢাকা
□ উপ- সচিব (রেজিঃ) /প্রশাসন
□ উপ- পরিচালক (সি.এ)
□ সিস্টেম এনালিস্ট
□ কাঃ বিঃ (বিএম/ ডিপ্রোঃ)
□ কাঃ বিঃ (ভোকঃ/ দাঃ; প্রকাঃ)
□ কাঃ বিঃ (কৃষি/ টেক্সঃ/ স্বাস্থ্য)
□ জাঃ দঃ বেসিক ট্রেড
□ পরিদর্শক
□ পরীক্ষা নিয়ন্ত্রক
□ পরিচালক মহাদয়ের স্বাক্ষর

০৮/১০/২০২০
(হাবিবুর রহমান)
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
ফোন: ৯৬৬৫৪৫৭
E-mail: dg@banbeis.gov.bd

চেয়ারম্যান
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড
শেরে-ই-বাংলা নগর, আগারগাঁও, ঢাকা।

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
২। সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। অফিস কপি।

Received on 13/10/2020

ফ্রন্ট ডেস্ক
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা
ক্রমিক নং ৫৬৮
স্বাক্ষর ও তারিখ ১১/১০/২০২০

# বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস)

শিক্ষা প্রতিষ্ঠান বার্ষিক জরিপ (Education Institution Annual Survey) ২০২০ এর তথ্যছক পূরণ


## নির্দেশিকা

১। প্রথমে কম্পিউটারের Browser (Mozilla Firefox, Google Chrome, Internet Explorer) এ প্রবেশ করুন।


২। ব্রাউজারে www.banbeis.gov.bd Website এ প্রবেশ করুন।

৩। আপনার সামনে **বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস)** এর মূল পৃষ্ঠা প্রদর্শিত হবে।


৪। এবার নিম্নের ছবির নির্দেশনা অনুযায়ী মেনুবার থেকে **শিক্ষা জরিপ ২০২০** মেনুর সার্ভার/বিকল্প সার্ভারের মাধ্যমে প্রবেশ করুন। উল্লেখ সার্ভারের মাধ্যমে log in এ সমস্যা হলে বিকল্প সার্ভারের মাধ্যমে প্রবেশ করুন।




৫। সার্ভার/বিকল্প সার্ভারে ক্লিক করার পর নিম্নের মত **Sign in Page** প্রদর্শিত হবে। এখানে ***ইআইআইএন/ইউজার আইডি** বক্স এ আপনার প্রতিষ্ঠানের EIIN নম্বর লিখুন এবং ***পাসওয়ার্ড** বক্সে 532688 লিখুন এবং **সাইন ইন** বাটন এ Click করুন।



৬। সফলভাবে লগইন হলে তথ্য ছকের মূল পৃষ্ঠা আসবে। আপনি সঠিকভাবে আপনার প্রতিষ্ঠানে প্রবেশ করেছেন কি না তা নিশ্চিত হওয়ার জন্য নিম্নের ছবির মত উপরের ডান কোনায় প্রদর্শিত প্রতিষ্ঠানের নামের সাথে আপনার প্রতিষ্ঠানের নাম মিলিয়ে নিন।





৭। এবার 'শিক্ষা জরিপ ২০২০ এর তথ্যছক পূরণ' অংশে Click করুন।

৮। তথ্যছক পূরণের নির্দেশিকা/জরিপ ফরম ডাউনলোডের জন্য নির্ধারিত অপশনে Click করুন।


৯। আপনার প্রতিষ্ঠানের অনেক তথ্য পূরণকৃত দেখাবে। এক্ষেত্রে পূরণকৃত তথ্যের কোন পরিবর্তন প্রয়োজন হলে পরিবর্তন করুন। এছাড়া কিছু তথ্য খালি বা ফাঁকা দেখবেন, ফাঁকা অংশগুলো যথাযথভাবে পূরণ করুন। বিভাগ, জেলা, উপজেলা/থানা, ইউনিয়ন/ওয়ার্ড, মৌজা এবং পোস্ট অফিসের ঘর ফাঁকা থাকলে পরবর্তী ধাপে প্রবেশ করতে পারবেন না।


১০। প্রথম Page এ প্রযোজ্য তথ্যসমূহ Update করা সম্পন্ন হলে ফরমের নীচের দিকে প্রদর্শিত Save And Go Forward বাটন এ Click করুন। Click এর পূর্বে সকল তথ্য সঠিকভাবে দেয়া হয়েছে কি না নিশ্চিত হউন। অসম্পূর্ণ বা আংশিক তথ্য কোন ক্রমেই গ্রহণযোগ্য হবে না। ভুল তথ্য প্রদান করলে প্রতিষ্ঠান ক্ষতিগ্রস্ত হতে পারে।

১১। তথ্য সংরক্ষণের জন্য ব্রাউজার আপনার কাছ থেকে অনুমতি গ্রহণের জন্য নিম্নের মত কনফার্মেশন ডায়ালগ বক্স প্রদর্শন করবে।তথ্য সংশোধনের প্রয়োজন হলে Cancel বাটনে ক্লিক করুন। সঠিক হলে OK বাটনে ক্লিক করুন।





## Online তথ্যছকের নমুনা





১২। তথ্য সফলভাবে সংরক্ষিত হলে নিম্নের মত ছবি আসবে। এখন **পরবর্তী পৃষ্ঠা** (Next Page) >> এ Click করুন। পরবর্তী পৃষ্ঠার তথ্য নিম্নরূপে প্রদর্শিত হবে।




১৩। এখন পূর্বের ন্যায় এই পৃষ্ঠার তথ্যসমূহ পূরণ করুন। তথ্য পূরণ করার পর তথ্য সংরক্ষণের জন্য নিচে থাকা Save And Go Forward বাটন এ ক্লিক করুন এবং ১০ নং নির্দেশনা অনুসরণ করুন।

১৪। একই পদ্ধতিতে সর্বশেষ পৃষ্ঠা পর্যন্ত যেতে হবে এবং প্রতি পৃষ্ঠার তথ্য পূরণের পর সংরক্ষণের জন্য ৯ এবং ১০ নং নির্দেশনা অনুসরণ করতে হবে।

১৫। সর্বশেষ পৃষ্ঠায় প্রদর্শিত সকল শিক্ষক ও কর্মচারীর ব্যক্তিগত তথ্য হালনাগাদ করার জন্য Edit Button এ click করে নতুন তথ্যের Field গুলো পূরণ করুন। নতুন শিক্ষক ও কর্মচারীর তথ্য Entry করার ক্ষেত্রে Add New Teacher বাটনে Click করে তথ্য পূরণ করুন। কোন শিক্ষক ও কর্মচারীর তথ্য বাদ দিতে হলে সর্বপ্রথম Column এর Action বাটনে Click করে Dropdown Box থেকে তাঁর বর্তমান Status প্রদান করে Save And Go Forward বাটনে ক্লিক করুন।

১৬। আপনার প্রতিষ্ঠানের তথ্য এন্ট্রির কাজ সমাপ্ত হলে প্রিন্ট করার জন্য শেষ পাতার নীচে Print বাটন অথবা Ctrl+P চাপুন। প্রিন্ট ডায়লগ বক্স থেকে প্রিন্টে Click করুন। এখান থেকে সকল পাতা এক সাথে প্রিন্ট করা যাবে। অফিসিয়াল ডকুমেন্ট হিসাবে প্রতিটি পৃষ্ঠা প্রিন্ট করে সংরক্ষণ করুন।

১৭। তথ্য ছক পূরণ করার সময় কোন কারণবশত বিদ্যুৎ চলে গেলে অথবা আংশিক তথ্য এন্ট্রি করা থাকলে পুনরায় সাইন-ইন পৃষ্ঠায় গিয়ে EIIN নম্বর এবং Password দিয়ে মূল তথ্যছকরে পৃষ্ঠায় প্রবেশ করতে হবে।

১৮। জরিপ প্রশ্নমালায় সকল সংক্ষিপ্ত হাঁ/না যুক্ত প্রশ্নগুলো যথাযথভাবে পূরণ করুন যা আপনার প্রতিষ্ঠানের বিভিন্ন উন্নয়ন বিষয়ক সরকারি প্রকল্পে বিবেচনার জন্য অত্যন্ত প্রয়োজনীয়।

১৯। সকল তথ্য সঠিকভাবে পূরণ করা হলে Submit Button এ ক্লিক করুন।

২০। তথ্য Submit হলে উপরের বাম কোনায় Sign out Button এ ক্লিক করে বের হয়ে যাবেন।

২১। শিক্ষা প্রতিষ্ঠানের নাম বাংলায় পুরণের ক্ষেত্রে **অভ্র কি-বোর্ড** এবং **নিকোষ ফন্ট** ব্যবহার করুন।

২২। জরিপের তথ্য নির্ভুল হওয়া বাঞ্চনীয়। ভবিষ্যতে এ তথ্যের উপর ভিত্তি করে পরিকল্পনা প্রণয়ন করা হতে পারে।

২৩। শিক্ষা প্রতিষ্ঠান বার্ষিক জরিপ ২০২০ এর তথ্য ছক পূরণে কোন সহযোগিতা বা পরামর্শের জন্য যোগাযোগ করুন:

| নং | নাম | পদবি | টেলিফোন নম্বর | মোবাইল নম্বর | দায়িত্বপ্রাপ্ত বিভাগ |
|---|---|---|---|---|---|
| ১। | জনাব মোঃ খান জাহান আলী | স্পেশালিস্ট (পরিসংখ্যান) | ০২ ৫৫১৫২১০৩ | ০১৫৫২৪৫৯০৭১ | ঢাকা |
| ২। | জনাব এস. এম কামরুল হাসান | পরিসংখ্যান অফিসার | ০২ ৫৫১৫২১১৫ | ০১৫৫২৩৩৯২৩১ | চট্টগ্রাম |
| ৩। | জনাব শাহীনা সুলতানা | পরিসংখ্যান অফিসার | ০২ ৫৫১৫২১১৪ | ০১৯১১৯৮৯১৩৭ | রাজশাহী |
| ৪। | জনাব মোহাম্মদ ফখরুল হাসান | পরিসংখ্যান অফিসার | ০২ ৫৫১৫২১১৬ | ০১৭১২৫৫৫৪৬৯ | রংপুর |
| ৫। | জনাব নূর মোহাম্মদ | পরিসংখ্যান অফিসার | | ০১৭১০৪৮০৯৯২ | খুলনা ও বরিশাল |
| ৬। | জনাব মোহাঃ তরিকুল ইসলাম | সহ. পরিসংখ্যান অফিসার | | ০১৮১৭০৯৫৩৭৭ | সিলেট ও ময়মনসিংহ |

➢ জরিপ কার্যক্রম সার্বিক তদারকি করবেন জনাব শেখ মোঃ আলমগীর, চিফ, পরিসংখ্যান বিভাগ ফোন: ০২ ৫৫১৫১৮১৫, মোবাইল: ০১৭১১৫৭৬৩৩৩



info@banbeis.gov.bd

২৪। Software সংক্রান্ত জটিলতায় পরামর্শের জন্য যোগাযোগ করুন:

| নং | নাম | পদবি | মোবাইল নম্বর |
|---|---|---|---|
| ১। | জনাব মোঃ শওকত আহম্মেদ | সফটওয়্যার ডেভেলপার | ০১৭৮১৮২৮৩৮৪ |
| ২। | জনাব কে,এম হাসানুল্লাহ মাহমুদ | প্রোগ্রামার | ০১৯১৪৮৯০৫০৮ |
| ৩। | জনাব মোঃ মিজানুর রহমান | প্রোগ্রামার | ০১৯১১০৩৫২৯৭ |
| ৪। | জনাব সুজন চন্দ্র দাস | সহকারী প্রোগ্রামার | ০১৯৩৬৫৮৩৮৫৬ |
| ৫। | জনাব মোঃ ইফতিয়ার আলম | সহকারী প্রোগ্রামার | ০১৫৭১৭৩৭০৩৩ |
| ৬। | জনাব মোঃ ফজলে রাব্বী | সহকারী প্রোগ্রামার | ০১৯২৪২১৭৯৪৭ |
| ৭। | জনাব মোঃ লিয়াজ মাহমুদ লিমন | সহকারী প্রোগ্রামার | ০১৭২৩২০৭৫৭৭ |

আপনার সহযোগিতার জন্য ধন্যবাদ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস)
১ জহির রায়হান সড়ক (পলাশী-নীলক্ষেত), ঢাকা-১২০৫।
**Web:** www.banbeis.gov.bd **Email**: info@banbeis.gov.bd

স্মারক নং ৩৭.২০.০০০০.০০৩.৩৫.০৮৩.২০ ৫৭৬/১(৭০০) তারিখ: ২২ ভাদ্র ১৪২৭ / ৬ সেপ্টেম্বর ২০২০

বিষয়: শিক্ষা প্রতিষ্ঠান সংক্রান্ত বার্ষিক জরিপ ক্যালেন্ডার ২০২০

বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস) কর্তৃক বাস্তবায়নাধীন শিক্ষা প্রতিষ্ঠান সংক্রান্ত বার্ষিক জরিপ ২০২০ এর কর্মকান্ড সুষ্ঠুভাবে পরিচালনার জন্য শিক্ষা মন্ত্রণালয়ের ২১.০৭.২০১০ তারিখের পরিপত্র নং ৩৭.০৬৬.০১৮.০০.০৬.০৫.২০১০-৩৩৮ এ ২(ক) অনুচ্ছেদের নির্দেশনা অনুসারে শিক্ষা প্রতিষ্ঠান সংক্রান্ত নিম্নোক্ত বার্ষিক জরিপ ক্যালেন্ডার প্রণয়ন করা হলো:

| নং | কাজের ধরণ | সময়সীমা | বাস্তবায়নের দায়িত্ব |
|---|---|---|---|
| ১. | জরিপ প্রশ্নমালার উপর মতামত সংগ্রহ | ১৩ আগস্ট ২০২০ | ব্যানবেইস, সম্পন্ন হয়েছে |
| ২. | জরিপ ক্যালেন্ডার ২০২০ অনুমোদন | ৬ সেপ্টেম্বর ২০২০ | মহাপরিচালক, ব্যানবেইস |
| ৩. | সফটওয়্যার/প্রশ্নমালা আপডেশন | ১০ অক্টোবর ২০২০ | ব্যানবেইস |
| ৪. | জেলা শিক্ষা অফিসার, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারদের অন লাইন সার্ভে জরিপ সংক্রান্ত দিকনির্দেশনা/চিঠিপত্র ও e_Survey Manual প্রেরণ | ১০ অক্টোবর ২০২০ | ব্যানবেইস |
| ৫. | On line Software ব্যবহারের মাধ্যমে প্রতিষ্ঠানের তথ্য ব্যানবেইস সার্ভারে প্রেরণ নিশ্চিতকরণ (Data Collection) | ১৫- ৩০ অক্টোবর ২০২০ | শিক্ষা প্রতিষ্ঠান প্রধান (জেলা শিক্ষা অফিসার ও উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সহকারী প্রোগ্রামার/জরিপ কর্মকর্তা তথ্য প্রেরণের বিষয়টি নিশ্চিত করবেন) |
| ৬. | জরিপে সংগৃহীত তথ্যের সামঞ্জস্যতা যাচাই/Editing and Cleaning | ১ - ১৫ নভেম্বর ২০২০ | ব্যানবেইস |
| ৭. | তথ্য প্রক্রিয়াকরণ | ১৬ - ৩০ নভেম্বর ২০২০ | ব্যানবেইস |
| ৮. | খসড়া প্রতিবেদন প্রস্তুত | ১ - ২০ ডিসেম্বর ২০২০ | ব্যানবেইস |
| ৯. | খসড়া প্রতিবেদনের উপর Workshop পরিচালনা | ১ - ১০ জানুয়ারি ২০২১ | ব্যানবেইস |
| ১০. | Workshop থেকে প্রাপ্ত মতামত সংযোজন করে প্রতিবেদন চূড়ান্তকরণ | ১১ - ৩১ জানুয়ারি ২০২১ | ব্যানবেইস |
| ১১. | প্রতিবেদন মুদ্রণ ও বিতরণ | ফেব্রুয়ারি ২০২১ | ব্যানবেইস |
| ১২. | Analytical Report Preparation | ৩০ এপ্রিল ২০২১ | ব্যানবেইস |

০৬/০৯/২০২০
(হাবিবুর রহমান)
মহাপরিচালক
ফোন: ৯৬৬৫৪৫৭

স্মারক নং ৩৭.২০.০০০০.০০৩.৩৫.০৮৩.২০ ৫৭৬/১(৯৭) তারিখ: ২২ ভাদ্র ১৪২৭ / ৬ সেপ্টেম্বর ২০২০

বিতরণ (সদয় অবগতি ও কার্যার্থে):

১ পরিচালক, ব্যানবেইস, ঢাকা।
২ চিফ, পরিসংখ্যান বিভাগ/ চিফ, ডিএলপি বিভাগ/সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি বিভাগ, ব্যানবেইস, ঢাকা।
৩ পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, . . . . . . . . . . . . . . . অঞ্চল।

৪ উপ-পরিচালক (প্রশাসন), ব্যানবেইস, ঢাকা।

৫ জেলা শিক্ষা অফিসার . . . . . . . . . . . . . . . . . . (সকল উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস ও সকল পোস্ট-প্রাইমারি শিক্ষা প্রতিষ্ঠানে বহুল প্রচার ও জরিপ ক্যালেন্ডারের ছক এর সময়সীমা যথাযথ অনুসরণের অনুরোধ সহ)।

৬ উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার . . . . . . . . . . . . . . . . . . (সকল পোস্ট-প্রাইমারি শিক্ষা প্রতিষ্ঠানে বিতরণ এবং জরিপ ক্যালেন্ডারের ছক এর সময়সীমা যথাযথ অনুসরণের অনুরোধ সহ)।

৭ সহকারী প্রোগ্রামার, ইউআইটিআরসিই ...................................

৮ প্রতিষ্ঠান প্রধান, (জরিপ ক্যালেন্ডারের ছক এর সময়সীমা যথাযথ অনুসরণের অনুরোধ সহ)

৯ অফিস কপি

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ: (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

১ অতিরিক্ত সচিব, প্রশাসন/উন্নয়ন/কলেজ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২ অতিরিক্ত সচিব, প্রশাসন ও উন্নয়ন/মাদ্রাসা/কারিগরি, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

৩ মহা পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন,ঢাকা/ মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর , গাইড হাউস (৭ম এবং ১০ম তলা ), নিউ বেইলি রোড, ঢাকা/ কারিগরী শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।

৪ প্রধান পরিকল্পনা (শিক্ষা উইং), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৫ যুগ্মসচিব, অডিট ও আইন মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৬ মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয় (মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য), বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৭ মাননীয় উপমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয় (উপমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য), বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৮ সচিব মহোদয়ের একান্ত সচিব (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৯ সচিব মহোদয়ের একান্ত সচিব (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৮/৭/২০২০

(শেখ মোঃ আলমগীর )
চিফ, পরিসংখ্যান বিভাগ
ফোন: ৫৫১৫১৮১৫